

বিজ্ঞপ্তি

নং: ১৯.০০.০০০০.৩১২.৩৭.০০৩.১৭/২২৭

তারিখ: ০৫ জুন ২০২৪

বিষয়: SAARC Visa Exemption Sticker প্রাপ্তির জন্য গণমাধ্যমসমূহের পরিপালনীয়

সার্কভূক্ত দেশগুলোতে বিশিষ্ট নাগরিকদের চলাচল সহজীকরণের লক্ষ্যে সদস্য দেশগুলো কর্তৃক সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার প্রচলন করা হয়। এই স্টিকার ২ টি গ্রুপে মোট ২৪ টি ক্যাটাগরিতে উচ্চ আদালতের বিচারক, সংসদ সদস্য, সিনিয়র সরকারী কর্মকর্তা, ব্যবসায়ী, সাংবাদিক, ক্রীড়াবিদ এবং গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের অনুকূলে ইস্যু করা হয়ে থাকে। বিদ্যমান নিয়মানুযায়ী প্রতি বছর সাংবাদিকতা সংশ্লিষ্ট দাপ্তরিক কাজে অংশগ্রহণের লক্ষ্যে সাংবাদিকগণের অনুকূলে সীমিত সংখ্যক ভিসা স্টিকার ইস্যু করার সুযোগ রয়েছে। তথ্য অধিদফতর প্রতি বছরের শুরুতে সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার এর জন্য আবেদন করার যোগ্য সরকার অনুমোদিত গণমাধ্যমগুলোর একটি তালিকা পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকে। তালিকাভুক্ত গণমাধ্যমের প্রতিনিধিরা পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক অনুবিভাগ ও জনকূটনীতি বিভাগের মাধ্যমে সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার এর জন্য আবেদন করতে পারেন।

০২। সাংবাদিকদের অনুকূলে সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার ইস্যুকরণের প্রক্রিয়াকে নির্বিঘ্ন ও সুশৃঙ্খল রাখতে নিম্নলিখিত বিষয়সমূহ সুষ্ঠুভাবে পরিপালনের জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

ক) শুধুমাত্র দাপ্তরিক কাজে সার্ক সদস্য রাষ্ট্রে গমনকারী সাংবাদিকরা সংশ্লিষ্ট দালিলিক প্রমাণাদি প্রদান সাপেক্ষে সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন। এ জন্য সংশ্লিষ্ট গণমাধ্যম এর নিয়ন্ত্রণকারী যথাযথ কর্তৃপক্ষ সাংবাদিকতা সংশ্লিষ্ট কাজেই যে উক্ত ভ্রমণ অত্যাৱশ্যক সে বিষয়ে প্রত্যয়ন প্রদান করবেন।

খ) সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকারের সর্বাধিক ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে একই গণমাধ্যম হতে সর্বনিম্ন সংখ্যক (১ জন অথবা জরুরী প্রয়োজনে সর্বোচ্চ ২ জন) সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকার প্রাপ্তির আবেদন করতে পারবেন। শুধু জরুরী প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন সাপেক্ষে একই ব্যক্তি বছরে একাধিকবার আবেদন করতে পারবেন।

গ) সার্কের বিদ্যমান নীতিমালা অনুযায়ী বিদেশি গণমাধ্যমে কর্মরত বাংলাদেশী সাংবাদিকগণ কিংবা বাংলাদেশী গণমাধ্যমে কর্মরত বিদেশি নাগরিকগণ এই সুবিধার আওতাভুক্ত হবেন না। তাই তাদেরকে সার্ক ভিসা এক্সেম্পশন স্টিকারের জন্য আবেদন না করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

০৩। উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।



(আরিফুর রহমান)

সহকারী সচিব (সার্ক শাখা)

টেলিফোন নং- ০২২২৩৩৫০১২৬

ইমেইলঃ assaarc@mofa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

১। মহাপরিচালক (সার্ক ও বিমস্টেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সংশ্লিষ্ট গণমাধ্যমসমূহকে অবহিত করার অনুরোধসহ)

৩। মহাপরিচালক, জনকূটনীতি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (সংশ্লিষ্ট গণমাধ্যমসমূহকে অবহিত করার অনুরোধসহ)

৪। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (পররাষ্ট্র মন্ত্রণালয় এর ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)